দৈনিক সংবাদ

তারিখ FEB. 4 1999
পৃষ্ঠা ১৬ কলাম ৬

100

### টাঙ্গাইলে শিক্ষক সমাবেশ

# ৩ দিনের মধ্যে দুর্বৃত্তদের গ্রেফতার দাবি

টাঙ্গাইল, ৩রা ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- দুই কলেজ শিক্ষককে হত্যা চেষ্টার প্রতিবাদে বুধবার দুপুরে স্থানীয় শহীদ স্মৃতি পৌর উদ্যানে অনুষ্ঠিত শিক্ষক সমাবেশে ৩ দিনের মধ্যে অপরাধীদের গ্রেফতারের দাবি জানানো হয়েছে।

সমাবেশে ৭ই ফেব্রুয়ারি জেলার সকল সরকারি- বেসরকারি স্কুল-কলেজ-মাদ্রাসায় শিক্ষক ধর্মঘটের ডাক দেয়া হয় এবং ৮ই ফেব্রুয়ারি বৃহত্তর আন্দোলনের কর্মসূচি গ্রহণ করা হবে বলে ঘোষণা করা হয়।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির ডাকে বুধবার জেলার সকল বেসরকারি কলেজ শিক্ষকরা ক্লাস বর্জন করে শহরে শিক্ষক সমাবেশে যোগ দেন। জেলা বাকশিস সভাপতি অধ্যক্ষ কাজী আতোয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষক সমাবেশে বক্তৃতা করেন বাকশিসের কেন্দ্রীয় নেতা অধ্যাপক মির্জা মহিউদ্দিন, কাগমারী সরকারি এম এম আলী কলেজের অধ্যাপক জয়নাল আবেদীন, মাদ্রাসা শিক্ষক হাফেজ শামসুল হক, বিন্দুবাসিনী সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মোস্তাফিজুর রহমান, বাকবিশিস নেতা অধ্যাপক নাজির হোসেন, মাধ্যমিক স্কুল শিক্ষক সমিতির নেতা আবদুর রহমান, বাকশিস নেতা অধ্যক্ষ খলিলুর রহমান, অধ্যক্ষ রেনুবর রহমান প্রমুখ। সমাবেশে শুভেচ্ছা বক্তব্য দেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আফতাবুজ্জামান, আওয়ামী লীগ নেতা আলমগীর খান মেনু এবং সাবেক ছাত্রলীগ নেতা জমিলুর রহমান মিরণ।